

উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, পরিদর্শন ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটির জানুয়ারী/২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব জুয়েল আকন্দ
 ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শেরপুর।
 সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ 'স্বোমেশ্বরী'।
 সভার তারিখ : ১৩/০১/২২ খ্রিঃ।
 সময় : বেলা ৪ঃ৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের হাজিরা পরিশিষ্ট "ক" তে দেখানো হলোঃ

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপরঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃষ্টীকরণ করা হয়। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক শ্রীবরদী সভায় জানান যে, এ উপজেলায় সিদ্ধ চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা ৭০৪ মে.টন। প্রতি কেজি চালের সংগ্রহ মূল্য ৪০ টাকা। সংগ্রহের সময়সীমা ২৮ ফেব্রুয়ারী ২০২২ পর্যন্ত। ইতোমধ্যে শ্রীবরদী উপজেলায় ৫৩৩ মে.টন চাল সংগৃহীত হয়েছে। বর্তমানে ২১৩৮ মে.টন চাল মজুদ রয়েছে। যা উপজেলার আপদকালীন চাহিদা মেটানোর জন্য মজুদ থাকবে। ২০ জানুয়ারী/২২ হতে ওএমএস কর্মসূচীর আওতায় ৩ জন ডিলারের মাধ্যমে দৈনিক ডিলার প্রতি ১ মে.টন চাল ও ১ মে.টন আটা বিক্রি কার্যক্রম শুরু হয়েছে। এছাড়া বিভিন্ন বাজার মনিটরিং করে ব্যবসায়ীদের মজুত অবস্থা যথারীতি যাচাই কার্যক্রম অব্যহত রাখা হয়েছে। কোন ব্যবসায়ী কর্তৃক মূল্য বৃদ্ধির লক্ষে অবৈধ/ অতিরিক্ত মজুদ করার প্রবনতা লক্ষ করা যায়নি। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	প্রকৃত হত দরিদ্র বাছাই পূর্বক তাপিকা প্রস্তুত করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শ্রীবরদী, শেরপুর।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



জুয়েল আকন্দ

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

ও

সভাপতি

উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ
 বিষয়ক স্থায়ী কমিটি, শ্রীবরদী, শেরপুর।

স্মারক নং- ০৭

তারিখঃ ১৩/০১/২২খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

- ১। জেলা প্রশাসক, শেরপুর।
- ২। উপপরিচালক, স্থানীয় সরকার, শেরপুর।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীবরদী, শেরপুর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী, শেরপুর।
- ৫। চেয়ারম্যান.....ইউপি ও সদস্য, উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ
 বিষয়ক স্থায়ী কমিটি, শ্রীবরদী, শেরপুর।



সোহানা বিলকিছ

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

শ্রীবরদী, শেরপুর।